এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : ১ ৫ ৩

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ রাজা অতীতের ঘটনাবলি নিয়ে লিখিত বই পড়তে পছন্দ করে। সে ভারত উপমহাদেশের বিভিন্ন তথ্য নিয়ে একটি বই পড়ে। বইটি পড়ে সে এ উপমহাদেশের রাজনৈতিক অবস্থা সম্পর্কিত আরেকটি বই কিনতে উৎসাহী হয়।

ক. কোন শব্দ থেকে History শব্দটির উৎপত্তি হয়েছে? ১

খ. ইতিহাস সত্য ঘটনা উপস্থাপন করে— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রাজার তার পঠিত বইটিতে ইতিহাসের কোন জাতীয় উপাদানের বর্ণনা স্থান পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজার পড়া বইটিতে ইতিহাসের যে ধরনের উপাদান স্থান পেয়েছে ইতিহাস রচনার জন্য কি তা যথেষ্ট? মতামত দাও। ৪

২.▶

| পাল বংশ | সেন বংশ |
|---|---|
| গোপাল | হেমন্ত সেন |
| ↓ | ↓ |
| ধর্মপাল | বিজয় সেন |
| ↓ | ↓ |
| দেবপাল | বল্লাল সেন |
| ↓ | ↓ |
| মহীপাল | লক্ষণ সেন |

ক. গুপ্ত রাজাদের অধীনে বড় কোনো অঞ্চলের শাসককে কী বলা হত? ১

খ. মাৎস্যন্যায় কী? ব্যাখ্যা কর। ২

গ. উপরের ছকের দুটি রাজবংশের শাসনকালে অন্যান্য ধর্মাবলম্বীদের প্রতি যে বৈসাদৃশ্যমূলক মনোভাব ছিল তা পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উপরের ছকে উল্লেখিত পাল রাজাদের মধ্যে তুমি কাকে বেশি সফল মনে কর? মতামত দাও। ৪

৩.▶ ইতিহাস ক্লাসে শিক্ষক বললেন, বর্তমানে হিন্দু সমাজে বিভিন্ন শ্রেণি বিদ্যমান। প্রাচীন বাংলায় একটি সমাজেও এমন শ্রেণিভেদ প্রথা ছিল। যার ওপর ভিত্তি করে সে সমাজের মানুষের পেশা, কাজকর্ম বিধি নিষেধ ছিল।

ক. শালবন বিহার কোথায় অবস্থিত? ১

খ. কৈবর্ত বিদ্রোহ বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. বর্তমান সমাজের সাথে প্রাচীন সমাজের শ্রেণিভেদ প্রথা সামঞ্জস্যপূর্ণ— ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রাচীন বাংলায় হিন্দু সমাজের শ্রেণিভেদ প্রথা অনুযায়ী তাদের পেশা নির্ভর করত— বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৪.▶ মধ্যযুগে বাংলায় বারভুঁইয়া নামক বড় বড় স্বাধীন জমিদার ছিলেন, যারা মুঘলদের অধিকার মেনে নেননি। কিন্তু এদের দমন করার জন্য একজন সম্রাটের বিশেষ নজর পড়ে। পরবর্তীতে বার ভুঁইয়া জমিদারগণ মুঘলদের বশ্যতা স্বীকার করেন।

ক. মুঘল প্রদেশগুলো কী নামে পরিচিতি ছিল? ১

খ. বখতিয়ার খলজি গজনীতে আসেন কেন? ব্যাখ্যা কর। ২

গ. বার ভূঁইয়াদের দমনের জন্য কোন বিশেষ সম্রাটের নজর পড়ে? তিনি কি তাদের দমন করতে সম্পূর্ণ সফল হয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরবর্তীতে বার ভূঁইয়া জমিদারগণ মুঘলদের বশ্যতা স্বীকার করতে বাধ্য হন কীভাবে? বিশ্লেষণ কর। ৪

৫.▶




ক. উদ্দীপকের প্রশ্নবোধক চিহ্নিত স্থানটিতে ইতিহাসের কোন নবাবের কথা বলা হয়েছে? ১

খ. দ্বৈত শাসন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ইংরেজদের সাথে উক্ত নবাবের যে যুদ্ধ হয়েছিল তার পটভূমি ব্যাখ্যা কর।৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত নবাবের সাথে যে যুদ্ধ হয়েছিল তার বিবিধ কারণ রয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ রসুলপুর গ্রামের জমিদার জোরপূর্বক তার এলাকায় কৃষকদের দিয়ে তার পছন্দের ফসল চাষ করান। তার অত্যাচারের ভয়ে কৃষকরা মুখ খুলতে পারত না। বেশ কিছু বছর পর করিম নামক এক কৃষক অন্য কৃষকদের নিয়ে এ ধরনের ফসল চাষের বিরুদ্ধে বিদ্রোহ করে। বিদ্রোহের চাপে এক সময় জমিদার তার পছন্দের ফসল চাষ বন্ধ করতে বাধ্য হন।

ক. তিতুমীরের নেতৃত্বে কোন আন্দোলন পরিচালিত হয়েছিল? ১

খ. ছিয়াত্তরের মন্বন্তর বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. করিম কৃষকদের নিয়ে যে বিদ্রোহ করেছে ঐতিহাসিক কোন বিদ্রোহের সাথে তার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিদ্রোহের মাধ্যমে বাংলার সংগ্রামী কৃষকদের জয় হয়েছিল— বিশ্লেষণ কর। ৪

৭.▶ রুমি একজন শিক্ষিত মহিলা। তিনি সমাজে নারীদের ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে বৈষম্য দেখে পত্রিকায় নিয়মিত লেখালেখি করেন। তিনি নারীরা যেসব ক্ষেত্রে দুর্বল অবস্থানে আছে তা পত্রিকার মাধ্যমে তুলে ধরার চেষ্টা করেন।

ক. The Spriti of Islam গ্রন্থটি কার লেখা? ১

খ. সৈয়দ আমীর আলী কেন 'সেন্ট্রাল মোহামেডান এসোসিয়েশন' গঠন করেছিলেন। ২

গ. উদ্দীপকের রুমি চরিত্রে তোমার পাঠ্যপুস্তকের কোন মহীয়সী নারীর আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মহীয়সী নারী মুসলমান নারী মুক্তি আন্দোলনের পথিকৃৎ ছিলেন— তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

৮.▶ পলাশী যুদ্ধের একশত বছর পর সিপাহীদের নেতৃত্বে সশস্ত্র বিদ্রোহ সংঘটিত হয়, যাকে ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম বলা হয়। এই বিদ্রোহই জনগণকে সচেতন করে তোলে আর পরবর্তী সকল স্বাধীনতা আন্দোলনে অনুপ্রেরণা দেয়। এর প্রভাব ছিল সুদুরপ্রসারী।

ক. বঙ্গভঙ্গ হয় কত সালে? ১
খ. স্বত্ববিলোপ নীতি বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে বিদ্রোহের কথা উল্লেখ করা হয়েছে তা কত সালে সংঘটিত হয়েছিল? এর কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিদ্রোহই ভারতীয়দের সকল স্বাধীনতা আন্দোলনে সুদুরপ্রসারী প্রভাব রেখেছিল- বিশ্লেষণ কর। ৪

৯.▶ কেয়া বাংলাদেশ টেলিভিশনের একটি প্রামাণ্য চিত্রে দেখলো যে, একজন সফল রাজনীতিবিদ যিনি জাতির জন্য নিবেদিত প্রাণ ও জাতিকে মুক্ত করার জন্য আজীবন সংগ্রাম করে গেছেন। তার জীবনের পরিসমাপ্তি ঘটেছিল নির্মম হত্যাকাণ্ডের মাধ্যমে। ট্রাজিক পরিণতির স্বীকার এই মহান রাষ্ট্রনায়ক সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি।

ক. উদ্দীপকে উল্লেখিত মহান রাষ্ট্রনায়কের নাম কী? ১
খ. ইনডেমনিটি আইন কী? ব্যাখ্যা কর। ২
গ. কেয়া যে ট্রাজিক প্রামান্য দেখেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত মহান রাষ্ট্রনায়কের নির্মম হত্যাকাণ্ড বাঙালি জাতির জন্য নিকৃষ্টতম কলঙ্কিত অধ্যায়- যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১০.▶ রেবা একটি দেশের দুইটি অঞ্চলের পূর্বাঞ্চলে বাস করেদশটির রাজধানী পশ্চিমাঞ্চলে অবস্থিত। রেবার অঞ্চলের সকল আয় পশ্চিমাঞ্চলে চলে যায়। ফলে রেবার অঞ্চলে কোন বড় শিল্প কারখানা গড়ে ওঠেনি। তাছাড়া রেবার অঞ্চলে অন্যান্য বৈষম্যও বিদ্যমান ছিল।

ক. আগরতলা মামলা দায়ের করা হয় কত সালে? ১
খ. ছয় দফাকে বাঙালি মুক্তির সনদ বলা হয় কেন? ২
গ. রেবার অঞ্চলে পাকিস্তানি মুক্তির সনদ বলা হয় কেন? ৩
ঘ. তুমি কী মনে কর উক্ত বেষম্যই বাঙালির স্বাধিকার আন্দোলনের একমাত্র কারণ? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ ব্রিটিশ সরকারের আমলে 'ক' নামক একটি আইন পাশ করা হয় যা ভারতীয়দের ব্রিটিশ বিরোধী আন্দোলনের নতুন ধারার জন্ম দেয় সংবাদপত্রে হস্তক্ষেপ, দ্রব্যমূল্য বৃদ্ধি ইত্যাদি বিষয় ভারতীয়দের ক্ষুব্ধ করে তোলে। এ অবস্থার প্রেক্ষিতে গান্ধীজি হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়কে ঐক্যবদ্ধ করে একটি আন্দোলনের আহ্বান জানান।

ক. উদ্দীপকের 'ক' নামক আইনটি কী? ১
খ. রবীন্দ্রনাথ কেন 'নাইট' উপাধি বর্জন করেন? ২
গ. মহাত্মা গান্ধী যে আন্দোলনের আহ্বান জানান তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত আন্দোলন সর্বভারতীয় গণআন্দোলনে রূপ নিয়েছিল এবং এর প্রভাব কী ছিল? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ৩০ মিনিট  পূর্ণমান— ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **বাংলাদেশে কত বছর পূর্বে নগর সভ্যতার অস্তিত্ব ছিল?**
ক এক হাজার  খ দেড় হাজার
গ দুই হাজার  ঘ আড়াই হাজার

২. **আফ্রিকান পরিব্রাজক কে ছিলেন?**
ক ইবনে বতুতা  খ হিউয়েন সাং
গ ফা-হিয়েন  ঘ থুকিডাইডিস

৩. **হেলট বলতে কাদের বুঝাত?**
ক জমিদারদের  খ ভূমিদাসদের
গ ভূমি মালিকদের  ঘ কৃষকদের

৪. **প্যাট্রিসিয়ান অর্থ কী?**
ক বর্নিক শ্রেণি  খ সাধারণ নাগরিক
গ অভিজাত শ্রেণি  ঘ কৃষক শ্রেণি

৫. **বিশ্বসভ্যতার ইতিহাসে রোমানদের সর্বশ্রেষ্ঠ অবদান বিশ্লেষণে বলা যায়—**
i. আইন পালন বাধ্যতামূলক
ii. মৌলিক অধিকার রক্ষা
iii. দাসপ্রথার স্বীকৃতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৬. **বরাহ মিহির গ্রন্থটি কত শতকে লেখা হয়?**
ক তৃতীয়  খ চতুর্থ
গ পঞ্চম  ঘ ষষ্ঠ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

রাকিব বরিশালে বসবাস করে। কিন্তু তার দুই ভাই মুহিত ও নাহিন চাকরির সুবাদে রাজশাহী ও বগুড়ায় বাস করে।

৭. **বরিশাল প্রাচীন কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?**
ক চন্দ্রদ্বীপ  খ বঙ্গ
গ তাম্রলিপ্ত  ঘ গৌড়

৮. **রাজশাহী ও বগুড়া প্রাচীন যে জনপদের ছিল তার অবস্থান কোথায়?**
ক গঙ্গা ও মধুমতির মধ্যবর্তী অঞ্চলে
খ গঙ্গা ও করতোয়ার মধ্যবর্তী অঞ্চলে
গ পদ্মা ও মেঘনার মধ্যবর্তী অঞ্চলে
ঘ পদ্মা ও যমুনার মধ্যবর্তী অঞ্চলে

৯. **শশাঙ্কের রাজধানী কোথায় ছিল?**
ক মুর্শিদাবাদ  খ হুগলি
গ কর্ণসুবর্ণ  ঘ পুণ্ড্র

১০. **মৌর্য বংশের প্রতিষ্ঠাতা কে?**
ক অশোক মৌর্য  খ নারায়ণ মৌর্য
গ সমুদ্র গুপ্ত মৌর্য  ঘ চন্দ্রগুপ্ত মৌর্য

১১. **ধর্মপাল কোন ধর্মের অনুসারী ছিলেন—**
ক জৈন  খ হিন্দু
গ শৈব  ঘ বৌদ্ধ

১২. **পাল রাজাদের সামরিক বাহিনীর বিভাগের ক্ষেত্রে সমর্থনযোগ্য—**
i. পদাধিক
ii. অশ্বারোহী
iii. হস্তী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৩. **আর্য কথাটি কীসের নাম?**
ক সাংস্কৃতিক নাম  খ বিকল্প পথ
গ সুন্দর নাম  ঘ উপনাম

১৪. **জৈনধর্মের প্রবর্তক কে?**
ক গৌতম বুদ্ধ
খ মহাবীর রাঢ়
গ বিষ্ণু
ঘ শশাঙ্ক

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

টিভিতে ডিসকভারি চ্যানেলে একটি অনুষ্ঠানে একটি এলাকার এক শ্রেণির পুরুষের মাথায় বাবরি চুল, মুখে দাড়ি। তাদের হাতে ও কানে নানা অলংকার।

১৫. **উদ্দীপকের যুবকদের সাথে কোন যুগের যুবকদের মিল আছে?**
ক আধুনিক যুগের
খ মধ্যযুগের
গ প্রাচীন যুগের
ঘ আর্য-পূর্ব যুগের

Teachingbd.com

http://teachingbd.com

১৬. উক্ত যুগে—
i. সতীদাহ প্রথা চালু ছিল
ii. ধন সম্পত্তিতে নারীদের অধিকার ছিল না
iii. দুর্নীতি ও অশ্লীলতা ছিল না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৭. 'বুলগাকপুর' শব্দের অর্থ কী?**

ক) বিদ্রোহের নগরী খ) শান্তির নগরী
গ) সুন্দর নগরী ঘ) অশান্তির নগরী

**১৮. ইলিয়াস শাহী বংশের শেষ সুলতান হিসাবে কার নামটি সমর্থনযোগ্য?**

ক) ফকরুউদ্দিন
খ) গিয়াস উদ্দিন আজম শাহ
গ) ফিরোজ শাহ ঘ) নুসরাত শাহ

**১৯. বাংলা রামায়ণের রচয়িতা কে?**

ক) গোবিন্দ দাস খ) মালাধর বসু
গ) কৃত্তিবাস ঘ) রায় গুণাকর

**২০. মধ্যযুগে হিন্দু সমাজে কোনটি কঠোরভাবে পালিত হতো?**

ক) দুর্গাপূজা
খ) সরস্বতী পূজা
গ) নববর্ষ ঘ) বর্ণপ্রথা

**২১. চেহেল সেতুন নামটির সাথে সাদৃশ্য রয়েছে—**

ক) মুর্শিদ কুলি খানের
খ) শাহ সুজার
গ) শায়েস্তা খানের
ঘ) হুসেন চিশতীর

**২২. নুর হোসেন নিহত হয় কত সালে?**

ক) ১৯৮৫ সালে
খ) ১৯৮৭ সালে
গ) ১৯৮৮ সালে
ঘ) ১৯৯০ সালে

**২৩. বঙ্গবন্ধু সংগ্রাম করেছেন কেন?**

ক) ক্ষমতা দখলের জন্য
খ) বীরত্ব প্রকাশের জন্য
গ) দুঃখী মানুষের মুখে হাসি ফোটানোর জন্য
ঘ) সম্পদের মালিক হওয়ার জন্য

**নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**

রমিজ উদ্দিন ঢাকায় বাস করে। পুত্র মিরাজকে তার স্ত্রী কিন্ডারগার্ডেনে ভর্তি করাতে ইচ্ছুক কিন্তু রমিজ উদ্দিনের জন্য পুত্রকে সরকারি প্রাথমিক বিদ্যালয় ভর্তি করাতে বাধ্য হন।

**২৪. কোন আন্দোলনে অনুপ্রাণিত হয়ে রমিজ উদ্দিন ছেলেকে সরকারি প্রাথমিক বিদ্যালযে ভর্তি করেন?**

ক) ভাষা আন্দোলন খ) মুক্তিযুদ্ধ
গ) গণঅভ্যুত্থানে ঘ) ছয়দফা আন্দোলন

**২৫. উক্ত আন্দোলনের ফলাফল—**
i. মাতৃভাষা অর্জন
ii. বাঙালিরা জাতীয়তাবাদী চেতনায় উদ্বুদ্ধ হয়
iii. স্বাধীনতা অর্জন করে

**নিচের কোনটি সঠিক?**

ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৬. ইপিআর এর হেড কোয়ার্টার কোথায় ছিল?**

ক) রাজারবাগ খ) মতিঝিল
গ) পিলখানায় ঘ) রামপুরায়

**২৭. পূর্ব পাকিস্তানের অধিবাসী ছিল মোট জনসংখ্যার কত ভাগ?**

ক) ৪০% ভাগ
খ) ৪৫% ভাগ
গ) ৫০% ভাগ
ঘ) ৫৬% ভাগ

**২৮. 'অবরোধ বাসিনী গ্রন্থ কে রচনা করেন?**

ক) বেগম রোকেয়া খ) সুফিয়া কামাল
গ) বেগম ফয়জুন্নেছা ঘ) শামছুন নাহার

**২৯. মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহকে কোথায় নির্বাসিত করা হয়?**

ক) ভারতে খ) মায়ানমারে
গ) ইংল্যান্ডে ঘ) নেপালে

**৩০. কোন দেশটিকে তিনটি মহাদেশ ঘিরে রেখেছে?**

ক) ইরাক খ) মিশর
গ) ইরান ঘ) সৌদি আরব

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ |